


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর  
উপজেলা প্রকৌশলীর কার্যালয়  
বানারীপাড়া, বরিশাল।  
www.lged.gov.bd



স্মারক নং-৪৬.০২.০৬১০.০০০.০৬.০০০.২২. ৩৩৭

তারিখ : ২৩-০২-২০২২ ইং।

“নোটিশ”


আগামী ২৭-০২-২০২২ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় বানারীপাড়া উপজেলার যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন কমিটির এক সভা জনাব মোঃ নুরুল হুদা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া এর সভাপতিত্বে নিম্ন স্বাক্ষর কারীর অফিস কক্ষে অনুষ্ঠিত হইবে। কমিটির সম্মানিত সকল সদস্য গনকে উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় :

- ১। বর্তমান অর্থ বছরে এ যাবৎ প্রাপ্ত অর্থের দ্বারা গৃহীত প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন ও সমাপ্ত করণ সংক্রান্ত পর্যালোচনা।
- ২। বিবিধ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :-

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ২। নুরুল হুদা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
- ৪। চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল।
- ৫। অফিস কপি।

  
23/02/22

(হুমায়ুন কবীর)  
উপজেলা প্রকৌশলী  
এলজিইডি  
ও  
সদস্য সচিব  
যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন  
বিষয়ক স্থায়ী কমিটি।

# যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা।

সভাপতি : জনাব মোঃ নূরুল হুদা

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

বানারীপাড়া, বরিশাল।

সভার তারিখ : ২৭/০২/২০২২ ইং।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ।

## সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

ক্র:	নাম	পদবী	ঠিকানা	স্বাক্ষর
১.	জনাব মোঃ নূরুল হুদা	সভাপতি	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।	স্বাক্ষরিত
২.	জনাব মোঃ জলিল ঘরামী	সদস্য	চেয়ারম্যান, বানারীপাড়া ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত
৩.	জনাব শ্যামল চন্দ্র চক্রবর্তী	সদস্য	চেয়ারম্যান, বাইশারী ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত
৪.	জনাব মোঃ হুমায়ুন	সদস্য	ভারপ্রাপ্ত চেয়ারম্যান, উদয়কাঠী ইউনিয়ন পরিষদ, বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত
৫.	জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন	সদস্য	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত
৬.	জনাব ডাঃ মোঃ খোরশেদ আলম সেলিম	অর্ন্তভুক্ত সদস্য	বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত
৭.	জনাব প্রকৌঃ হুমায়ুন কবীর	সদস্য সচিব	উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বানারীপাড়া, বরিশাল	স্বাক্ষরিত

সভার শুরুতে অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ নূরুল হুদা উপজেলা পরিষদ, বানারীপাড়া বরিশাল। সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য শুরু করেন। যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়নের বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব সভায় জানান যে, বানারীপাড়া সদর, বিশারকান্দি, উদয়কাঠী, বাইশারী ইউনিয়নের চেয়ারম্যান সাহেবদের নিকট হইতে প্রাপ্ত অত্রাধিকার তালিকা অনুযায়ী জন চলাচলের সুবিধার্থে নিম্ন বর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করা হলো ১) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর উদ্যোগে গ্রামীন শিক্ষিত মহিলাদের জয়িতা প্রকল্পে কিচেন ও আসবাবপত্র সরবরাহ ও বানারীপাড়া ওমেস কর্নার স্থাপন। ২) বাইশারী ইউনিয়নে কচুয়া মাদ্রাসায় লেট্রিন নির্মাণ। ৩) বানারীপাড়া সদর ইউনিয়নে রায়েরহাট হাওলাদার বাড়ী ও কুন্দিহার কামাল মোল্লার বাড়ী গভীর নলকূপ স্থাপন। ৪) উপজেলা পরিষদের জামে মসজিদের পাশের রাস্তা ইটের সলিং করন। ৫) গাভা শাহজাহান হাওলাদারের বাড়ীর নিকট আরসিসি ব্রীজ নির্মাণ। ৬) চাখার ইউনিয়নে হক সাহেবের হাট বেলায়েতের বাড়ী হইতে বকরের বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন।

সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পগুলি মাসিক সাধারণ সভায় উপস্থাপন করে, অনুমোদনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহীত হয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

*Jmo.*

(মোঃ নূরুল হুদা)

তাং ২৭/০২/২০২২ ইং।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

বানারীপাড়া, বরিশাল।

ও

সভাপতি

যোগাযোগ ও ভৌত অবকাঠামো উন্নয়ন

বিষয়ক স্থায়ী কমিটি।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে :-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।

২। নূরুল হুদা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানারীপাড়া, বরিশাল।